

তারিখঃ ২১-১০-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আমন্ত্রণে বাংলাদেশ জাতীয় ফুটবল দল বনাম নেপাল জাতীয় ফুটবল দলের মধ্যকার ২ (দুই) টি 'ফিফা টায়ার-১ আন্তর্জাতিক ফুটবল ম্যাচ আগামী ১৩ ও ১৭ নভেম্বর ২০২০ তারিখ ঢাকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে গতকাল ২০-১০-২০২০ তারিখ ৩৬ সদস্য বিশিষ্ট বাংলাদেশ জাতীয় ফুটবল দলের নাম ঘোষণা করা হয়।

দলের সার্বিক বিষয়ে অবহিত করণের লক্ষ্যে অদ্য ২১-১০-২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় অনলাইন ভিডিও প্রেস কনফারেন্স এর মাধ্যমে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

উক্ত অনলাইন ভিডিও প্রেস কনফারেন্সে ন্যাশনাল টিমস কমিটির চেয়ারম্যান ও বাফুফে সহ-সভাপতি কাজী নাবিল আহমেদ-এমপি, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ এবং বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষকসহ দলের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।